গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তাড়াশ, সিরাজগঞ্জ
tarash.sirajganj.gov.bd

তাঁতকুঞ্জ সিরাজগঞ্জ

তারিখ: ১০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৫.৪৩.৮৮৮৯.০০০.০৩.০০৭.২৩.৭৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২১ অনুযায়ী সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদবি | পদ সংখ্যা | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পেশ ইমাম | ০১ | ১৫,০০০/- | (ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>(গ) আরবিতে কথা/বক্তব্য ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২ | মুয়াজ্জিন | ০১ | ১০,০০০/- | (ক) দ্বিতীয় শ্রেণির আলিম/সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩ | খাদিম | ০২ | ৭,৫০০/- | (ক) দ্বিতীয় শ্রেণির আলিম/সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>(খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

**শর্তাবলি:**

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
০২. স্থায়ী জনবল কাঠামো অনুমোদিত না হওয়া পর্যন্ত পরিচালনা কমিটি কর্তৃক সম্মানীর ভিত্তিতে জনবল নিয়োগ দেয়া হবে।
০৩. আবেদন ফরম tarash.sirajganj.gov.bd/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাড়াশ, সিরাজগঞ্জ এ পাওয়া যাবে।
০৪. ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ৩১/০১/২০২৪ খ্রি. এর মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাড়াশ, সিরাজগঞ্জ এ প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।
০৫. আবেদনের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (গ) ০৪ (চার) কপি ৫×৫ সে:মি: সাইজের সত্যায়িত ছবি, (ঘ) নাগরিকত্ব সনদ ও (ঙ) চারিত্রিক সনদ দাখিল করতে হবে।
০৬. বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান যথাসময়ে মোবাইল/ইমেইল/নোটিশ বোর্ড/ওয়েবসাইট এর মাধ্যমে জানানো হবে।
০৭. আবেদনকারীকে আবেদন পত্রের সাথে পেশ ইমাম পদের ক্ষেত্রে ১,০০০/-(এক হাজার) টাকা, মুয়াজ্জিন পদের ক্ষেত্রে ৮০০/-(আটশত) টাকা এবং খাদিম পদের ক্ষেত্রে ৫০০/-(পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ বরাবর দাখিল করতে হবে।
০৮. কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। আবেদনপত্রের খামের উপর অবশ্যই প্রার্থীর পদের নাম উল্লেখ করতে হবে।
০৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১০. প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১১. যে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

১২. কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪.০১.২৪
(মোঃ মোস্তাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক
সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
তাড়াশ, সিরাজগঞ্জ

স্মারক নম্বর: ০৫.৪৩.৮৮৮৯.০০০.০৩.০০৭.২৩.৭৯

তারিখ: ১০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৪ সিরাজগঞ্জ-৩
২। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা,
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ
৬। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিরাজগঞ্জ
৭। মেয়র, তাড়াশ পৌরসভা, তাড়াশ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
৮। সহকারী কমিশনার (ভূমি), তাড়াশ, সিরাজগঞ্জ।
৯। উপজেলা ..........সংশ্লিষ্ট প্রোগ্রাম.......... অফিসার (সকল), তাড়াশ, সিরাজগঞ্জ
১০। অফিসার ইনচার্জ, তাড়াশ থানা।
১১। চেয়ারম্যান ...................... ইউপি (সকল), তাড়াশ, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
১২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক ........................... কলেজ/মাদ্রাসা/উচ্চ বিদ্যালয়/বিদ্যালয়, তাড়াশ, সিরাজগঞ্জ
১৩। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, তাড়াশ, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
১৪। সম্পাদক, ........................................................, সিরাজগঞ্জ।
১৫। জনাব ........................................................, সিরাজগঞ্জ। (নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় প্রকাশের অনুরোধ করা হলো)
১৬। অফিস কপি ........................................................তাড়াশ, সিরাজগঞ্জ

২৪.০১.২৪
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক
সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
তাড়াশ, সিরাজগঞ্জ

৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা চার কপি)

# চাকরির আবেদন ফরম

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম : | | তারিখ: দি ন মা স ব ৎ স র |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | |
| | | ইংরেজীতে ( বড় অক্ষরে) : | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: | দি ন মা স ব ৎ স র | ৬. জন্ম স্থান (জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস দিন |
| ৮. | মাতার নাম: | | |
| ৯. | পিতার নাম: | | |

| | | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্ম : | | ১৫. | পেশা |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

প্রার্থীর স্বাক্ষর

তারিখঃ